পড়বে। মূল ধারার শিক্ষার্থীদের প্রতি শিক্ষকদের অবহেলা আরও বৃদ্ধি পাবে। প্রয়োজন হলে আরেকটি বিশ্ববিদ্যালয় চালু করা হোক। বেশি বেতনে পড়ার জন্য তো বহু বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহম্মদ সেলিম বলেছেন, 'বিষয়টি এখনও প্রাথমিক পর্যায়ে রয়েছে। মতামত চাওয়া হয়েছে। মতামতের ভিত্তিতেই সিন্ডিকেট চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।'

দৈনিক ইনকিলাব

৩ ... ৫....

## ঢাঃবিঃতে 'বাংলাদেশের আঞ্চলিক স্থাপত্য' শীর্ষক সেমিনার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রে গতকাল (মঙ্গলবার) 'বাংলাদেশের আঞ্চলিক স্থাপত্য' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ইতিহাস বিভাগের প্রফেসর মোফাখখারুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রফেসর আয়শা বেগম এবং তার ৯ জন শিক্ষার্থী। প্রবন্ধের উপর আলোচনা করেন প্রত্নতত্ত্ব অধিদফতরের প্রাক্তন পরিচালক মোঃ আব্দুল কাদির এবং ডঃ নাজমা খান মজলিস। কেন্দ্রের পরিচালক প্রফেসর আহমদ কবির। প্রফেসর মোফাখখারুল ইসলাম তার বক্তব্যে বলেন, সেমিনারে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের যেসব স্থাপত্য নিদর্শন তুলে ধরা হয়েছে ঐগুলোকে একটি মনোগ্রাম হিসেবে প্রকাশ করতে পারলে তা একটি গুরুত্বপূর্ণ কাজ হবে।